GOVERNMENT OF THE PEOPLE’S REPUBLIC OF BANGLADESH

# Instructions regarding use of the VVIP and VIP Lounges at the Hazrat Shahjalal International Airport.

*(Revised up to October 2022)*

CABINET DIVISION

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

**CHIEF MARTIAL LAW ADMINISTRATOR'S SECRETARIAT**

**Cabinet Division.**

No. 22/11/81-Rules/51 Dated, March 6, 1983

OFFICE MEMORANDUM

SUBEECT: *Instructions regarding use of the VVIP and VIP lounges at the* [1]*[Hazrat Shahjalal] International Airport.*

Government have been pleased to frame instructions regulating the use of the VVIP / VIP enclosure at the [2][Hazrat Shahjalal] International Airport. The enclosure will be divided into two lounges, *viz.*, the VVIP lounge and the VIP lounge.

2. A maximum of [3]**[two]** visitors per VVIP / VIP will have access to the VVIP / VIP lounges at the time of departure and arrival of the VVIP / VIP. Only one person will be allowed to accompany the VVIP/VIP to see him off or to receive him at the aircraft on each occasion.

3. The VVIP / VIP lounges will not be available to passengers, who although they are met and seen off personally by a Head of Mission, are not entitled to VVIP / VIP facilities in their own right.

4. The above facilities will be available on request for persons who are travelling by air as listed at Annexure I and II.

5. The above instructions will not be applicable to visiting VVIPs for whom separate rules exist.

6. It is requested that the instructions as above may kindly be observed by all concerned.

Sd/-
(M. M. ZAMAN)
*Cabinet Secretary.*

---

[1-2] Amended vide Ministry of Civil Aviation and Tourism Notification No. BiPaMa/CA-2/Namkoron-1/2009-108(12), Dated: 22 February 2010.

[3] Amended vide Cabinet Division Notification No. CD/12/1/88- Rules (part-1)/37, Dated:10 April, 1991.

**ANNEXURE I**

**to O.M. No.22/11/81 –Rules.**

PERSONS ENTITLED TO USE VVIP/VIP LOUNGE

**(vide Paragraph 4)**

BANGLADESHI

**Persons entitled to use VVIP lounge**

1. President of the Republic.

[1][ * * * *

2. Prime Minister of the Republic

3. Speaker of the Parliament. ]

4. Chief Justice of Bangladesh.

Former President of the Republic.

5. Cabinet Minister of the Republic.

[*]Chief Whip.

[*]Deputy Speaker of Parliament.

[*]Leader of the Opposition in Parliament.

**Persons entitled to use VIP lounge**

1. Persons holding appointment accorded status of a Minister without being members of the Cabinet.

2. [*]Deputy Leader of the opposition in Parliament.

[*]Judges of the Supreme Court.

[*]Ministers of State of the Republic.

[*]Whip.

---

[1] Amended vide Cabinet Division Office Memorandum No. CD/12/1/91-Rules (part-1)/13, Dated: 05 February, 2001.

[*]Amended vide O. M. No. CD-12/1/86- Rules 201, Dated: 24-7-1986.

3. Chief Justice of the High Court.

4. Chief  Election Commissioner.

Judges of the High Court.

5. Deputy Chairman of the Planning Commission.

6. Deputy Ministers of the Republic.

7. Cabinet Secretary.

Chief of the Defence Staff.

Officers of the rank of General and equivalent in the Navy and the Air Force.

Principal Secretary to the President.

8. Chiefs of Staff of the Army, the Navy and the Air Force.

9. Members of the Parliament.

10. Attorney-General.

Comptroller and Auditor- General.

Officers of the rank of Lieutenant General and equivalent in the Navy and the Air Force.

Ombudsman (when the post is created).

11. Chairman of the Public Service Commission.

Governor, Bangladesh Bank.

Members, Planning Commission.

Secretaries to the Government including Secretary to the Parliament.

12. Chairman, National Board of Revenue.

Deputy Chief of Staff of the Army and Officers holding equivalent appointment in the Navy and the Air Force.

General Officers Commanding Divisions within their respective charges.

Officers holding the status of Secretaries to the Government.

Vice-Chancellors of Universities.

Director of Forces Intelligence.

Director-General of National Security Intelligence.

Director-General of Bangladesh Rifles.

Inspector-General of Police.

13. Mayors of Civic Corporations.

14. Acting/Additional Secretaries to the Government.

Additional Attorney-General.

Chairman of the Atomic Energy Commission.

Director-General of Anti-Corruption.

Director-General of Civil Service Training Academy.

Officers of the rank of Major General and equivalent in the Navy and the Air Force.

Visiting Ambassadors and High Commissioners of Bangladesh.

Vice and Deputy Chiefs of the Defence Staff.

Advocate General.

[1][Professors of Universities in Selection Grade]

15. Officers of the Status of Additional Secretary to the Government.

Chairman, Bangladesh Railway Board.

Registrar of the Supreme Court.

16. Additional Inspector-General of Police.

Principal Staff Officers at Army Headquarters and Officers holding equivalent appointments at the Naval and Air Headquarters.

Commissioners of Divisions.

General Manager of Bangladesh Railways.

Joint Secretaries to the Government.

---

[1] Amended vide Cabinet Division Office Memorandum No. CD/12/1/91-Rules (part-1)/13, Dated 05 February, 2001.

Military Secretary to the President.

Officers of the rank of Brigadier and equivalent in the Navy and the Air Force.

Chairman, Port Authority.

Chairman, T & T Board.

Registrar of the High Court.

Director-General of Ansars.

17. Officers of the rank of Joint Secretary to the Government.

Members, Public Service Commission.

**ANNEXURE II**

**to O.M. No.22/11/81-Rules.**

PERSONS ENTITLED TO USE VVIP/VIP LOUNGE

**(*vide* paragraph 4)**

**FOREIGNERS**

**Persons entitled to use VVIP lounge**

1. Presidents and other Heads of State.

2. Prime Ministers and Heads of Government.

3. Ambassadors Extraordinary and Plenipotentiary High Commissioners accredited to Bangladesh on their first arrival and last departure from Bangladesh.

4. Ministers of Cabinet rank.

5. Speakers of National and Federal Assemblies.

**Persons entitled to use VIP lounge**

1. Members of Parliament.

2. Heads of Delegations.

3. Ambassadors/ High Commissioners/ Charge d' Affaires in Bangladesh.

4. Heads of Armed Forces.

5. Governor of Central Banks.

6. Heads of Secretaries of UN and other important International Organisations.

7. Important Guests of the Bangladesh Government.

**DISTRIBUTION:**

1. Private Secretary to the President.
2. Private Secretary to the CMLA.
3. Private Secretary to the Ministers.
4. P S O to the CMLA.
5. General Staff to the CMLA.
6. Secretaries, Additional Secretaries and Joint Secretaries-in- Charge of all Ministries/Divisions.
7. All ZMLAs.
8. All Divisional Commissioners.
9. All Deputy Commissioners.
10. All Services Headquarters.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসেবা অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫ | তারিখ ঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৯ মে ২০১৯

বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সম্পর্কে।

সূত্র: ১। মপবি-১২/১/৮৮-বিধি/২০৩, তারিখ ২০ জুলাই ১৯৮৮
২। মপবি-১২/১/৮৮-বিধি (অংশ-১)/৩৫২, তারিখ ১ সেপ্টেম্বর ১৯৯০
৩। মপবি-১২/১/৮৮-বিধি (অংশ-১)/৩৭, তারিখ ১০ এপ্রিল ১৯৯১

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর হতে বিমানযোগে গহমন এবং প্রত্যাবর্তনের প্রাক্কালে বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং উচ্চ পদস্থ কর্মকর্তাদের জন্য ভিআইপি লাউঞ্জ সংরক্ষিত রাখা হয়েছে। 'Intructions regarding use of the VVIP and VIP Lounges at the Hazrat Shahjalal International Airport (Revised upto April 2010)'-অনুসারে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের বিমান বন্দরে আগম ও প্রত্যাগমনকালে তাঁদেরকে সম্বর্ধনা জ্ঞাপনের জন্য সর্বাধিক দুই জন দর্শনার্থীকে ভিআইপি লাউঞ্জে প্রবেশাধিকার দেওয়া হয়ে থাকে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে উপরোক্ত বিধি নিষেধ থাকা সত্ত্বেও প্রায়ই অতিরিক্ত লোকজন ভিআইপি লাউঞ্জে প্রবেশ করে অনাকাঙ্ক্ষিত পরিবেশের সৃষ্টি করছে। অন্যদিকে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত নন এমন সব ব্যক্তিবর্গকে তা ব্যবহার করতে দেখা যাচ্ছে, যার ফলে বিমান বন্দরের সার্বিক নিরাপত্তা ও লাউঞ্জের সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে যা অনভিপ্রেত। এ পরিপ্রেক্ষিতে বিভিন্ন সময়ে জারিকৃত সূত্রোস্থ অফিস স্মারকসমূহ একীভূত করে এবং ক্ষেত্রবিশেষে আংশিক সংশোধনক্রমে নির্দেশক্রমে এ স্মারক জারি করা হলো।

২। ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের বিমানযোগে যাত্রা ও আগমনকালে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মাবলি কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(ক) দুই জনের বেশী দর্শনার্থীকে ভিআইপি লাউঞ্জে প্রবেশের অনুমতি দেওয়া যাবে না এবং টরম্যাক এলাকায় কোন দর্শনার্থী প্রবেশ করতে পারবে না।

(খ) ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত নন এমন ব্যক্তিবর্গ কর্তৃক ভিআইপি লাউঞ্জ ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।

(গ) দর্শনার্থীদের নাম, ঠিকানা ও পরিচয় পূর্বাহ্নে পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর-কে অবহিত করতে হবে।

(ঘ) ভিআইপি লাউঞ্জের স্বাভাবিক পরিবেশ, মর্যাদা ও নিরাপত্তা ক্ষুণ্ন হতে পারে এমন কোন ব্যক্তিকে দর্শনার্থী হিসাবে ভিআইপি লাউঞ্জে প্রবেশ লাভের সুযোগ না দেওয়ার বিষয়ে ভিআপি লাউঞ্জ ব্যবহারের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ নিশ্চিত করবেন।

৩। ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গ নিজ ভ্রমণ ব্যতিরেকে তাঁদের পিতা/মাতা/স্ত্রী/স্বামী/পুত্র/কন্যা/পুত্রবধু/জামাতাকে যাত্রী হিসাবে বিদায় ও অভ্যর্থনা জ্ঞাপনের সময় ভিআইপি লাউঞ্জ ব্যবহার করতে পারবেন।

৪। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এই নিয়মাবলি কঠোরভাবে কার্যকর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫। মন্ত্রণালয়/বিভাগসমূহ তাঁদের আওতাধীন ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গ/কর্মকর্তাগণকে বিষয়টি অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

স্বাক্ষরিত
(শফিউল আজিম)
যুগ্মসচিব (বিধি ও সেবা)
ফোন: ৯৫৭৪৫৩৭
E-mail:js_rs@cabinet.gov.bd

নম্বর:০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫

তারিখ ঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪ / ২৯ মে ২০১৯

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
.................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩। অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।

৪। যুগ্মসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।

৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য ।

স্বাক্ষরিত
(মোছাঃ মোর্শেদা ফেরদৌস)
উপসচিব (মন্ত্রিসেবা)
ফোন: ৯৫৬০১২৬
E-mail: mss_sec@cabinet.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

মন্ত্রিসেবা শাখা

www.cabinet.gov.bd

নম্বর-০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৪২ তারিখ ঃ ৩০ ফাল্গুন ১৪২২ / ১৩ মার্চ ২০১৬

বিষয়: বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণকে অবসর গ্রহণের পর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রদান।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৬ মার্চ ১৯৮৩ তারিখের ২২/১১/৮১-বিধি/৫১ সংখ্যক স্মারকে জারিকৃত 'Instructions regarding use of the VVIP and VIP Lounges at the Hazrat Shahjalal International Airport' -এ নিম্নরূপ নির্দেশ সংযোজন করা হয়েছে:

> "বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ তাঁদের অবসর গ্রহণের পর ০৩ (তিন) বছর পর্যন্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।"

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত
(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬০১২৬
E- mail : mss_sec@cabinet.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

০১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব............................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)/ জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ প্রধানমন্ত্রীর কার্যালয়/ বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়/ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়/ নির্বাচন কমিশন সচিবালয়।

০৩। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, ঢাকা।

০৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

০৫। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসেবা শাখা
www.cabinet.gov.bd

নং-০৪.৪২২.০৪৭.০০.০০.০০১.২০১০/১৬৭ তারিখঃ ১১ অক্টোবর ২০১০

বিষয়ঃ বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্বাচন কমিশনারগণকে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহারকারীদের তালিকায় অন্তর্ভুক্তকরণ এবং প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারগণকে অবসর পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রদান।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় (Instructions regarding use of the VVIP and VIP Lounges at the Hazrat Shahjalal International Airport, revised up to April 2010) নিম্নরুপ সংশোধন আনয়ন করা হলোঃ

> 'বাংলাদেশ নির্বাচন কমিশনের নির্বাচন কমিশনারগণকে স্বীয় পদে থাকাকালীন সময়ে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহারকারীদের তালিকায় অন্তর্ভুক্ত করা হলো এবং প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারগণকে তাঁদের অবসর পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভি.আই.পি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রদান করা হলো।'

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত
(কাজী নিশাত রসুল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬০১২৬
E- mail : mss_sec@cabinet.gov.bd

বিতরণঃ

০১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য)।

০৩। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।

০৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সিএ-২ শাখা

www.mocat.gov.bd

নং- বিপম/সিএ-২/নামকরণ-১/২০০৯-১০৮(১২)

তারিখ ঃ ১০ ফাল্গুন ১৪১৬ / ২২ ফেব্রুয়ারি ২০১০

## প্রজ্ঞাপন

সরকার ঢাকাস্থ আন্তর্জাতিক বিমানবন্দরের নাম ‘ জিয়া আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা’ পরিবর্তন করে ‘হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা’ (Hazrat Shahjalal International Airport, Dhaka) করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

২। এ সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/
২২/০২/২০১০
মোঃ রেজাউল কাদের
উপ-সচিব (সিএ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

মন্ত্রী ও সচিব সেবা শাখা

স্মারক নং-মপবি/মসসেবা/৫(৬)/২০০৩/১১৪ তারিখ ঃ ২৭/০৩/২০০৭

বিষয়ঃ আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণকে [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারকারীদের তালিকায় অন্তর্ভূক্তকরণ প্রসঙ্গে।

[২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালা সংশোধনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে ২৬ ডিসেম্বর ২০০৬ তারিখে মপবি/ম.স.সেবা/৫(৬)/২০০৩-৭৭ মূলে জারীকৃত নির্দেশ নিম্নরূপ সংশোধন করা হলো ঃ

‘আপীল বিভাগ ও হাইকোর্ট বিভাগের বিচারকগণ তাঁদের অবসর গ্রহণের পর ০৩ (তিন) বছর [৩][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।’

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(লুৎফুন নাহার বেগম)
উপসচিব
ফোনঃ ৭১৬৬১৮১

[১-৩] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রী ও সচিব সেবা শাখা

মন্ত্রিপরিষদ বিভাগ

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩/৯৯ তারিখ ঃ ২৬ মাঘ ১৪১৩ বঙ্গাব্দ / ০৮ ফেব্রুয়ারি ২০০৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ও গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা প্রফেসর মুহাম্মদ ইউনূসকে আজীবন [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রদান প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় (Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [৩][Hazrat Shahjalal] International Airport, revised up to July, 1986) নিম্নরূপ সংশোধন আনয়ন করা হলো ঃ

নোবেল শান্তি পুরস্কার বিজয়ী ও গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা প্রফেসর মুহাম্মদ ইউনূসকে আজীবন [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের সুবিধা প্রদান করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৯৫৬০১২৬

[১-৪] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রী ও সচিব সেবা শাখা
মন্ত্রিপরিষদ বিভাগ

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩/৮৭

তারিখ ঃ ০৪ মাঘ ১৪১৩ বঙ্গাব্দ
১৭ জানুয়ারি ২০০৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সেনাবাহিনীর প্রধানসহ মেজর জেনারেল ও সমপর্যায়ের নৌ/বিমান বাহিনীর কর্মকর্তাদের অবসর গ্রহণের পর ০৩ (তিন) বছর [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রদান প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় (Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [৩][Hazrat Shahjalal] International Airport, revised up to July, 1986) নিম্নরূপ সংশোধন আনয়ন করা হলো :

সেনা, নৌ এবং বিমান বাহিনীর প্রধানসহ সেনাবাহিনীর মেজর জেনারেল ও তদুর্ধ পর্যায়ের কর্মকর্তাসহ নৌ/বিমান বাহিনীর সমপর্যায়ের কর্মকর্তাগণ তাঁদের অবসর গ্রহণের পর পরবর্তী ০৩ (তিন) বছর পর্যন্ত [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৯৫৬০১২৬

[১-৪] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রী ও সচিব সেবা শাখা
মন্ত্রিপরিষদ বিভাগ

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩-৭৭ তারিখ ঃ ২৬ ডিসেম্বর ২০০৬ খ্রিষ্টাব্দ / ১২ পৌষ ১৪১৩ বঙ্গাব্দ

বিষয়ঃ বাংলাদেশের প্রধান বিচারপতি, আপীল বিভাগের বিচারপতি, হাইকোর্ট বিভাগের বিচারপতিদের নাম [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরে ভিআইপি লাউঞ্জ ব্যবহারকারীদের তালিকায় অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় [Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [৩][Hazrat Shahjalal] International Airport, revised up to July, 1986] নিম্নরূপ সংশোধন আনয়ন করা হলোঃ

বাংলাদেশের প্রধান বিচারপতি, আপীল বিভাগের বিচারপতি, হাইকোর্ট বিভাগের বিচারপতিগণ তাঁদের অবসর গ্রহণের পর ০৩ (তিন) বছর [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬০১২৬

[১-৪] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রী ও সচিব সেবা শাখা
মন্ত্রিপরিষদ বিভাগ

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩-৫০(৬০)

তারিখ ঃ ৩১ অক্টোবর ২০০৬ খ্রিষ্টাব্দ / ১৬ কার্তিক ১৪১৩ বঙ্গাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, প্রধান উপদেষ্টা, উপদেষ্টা, তদমর্যাদাসম্পন্ন সকল ব্যক্তি ও সংসদ সদস্যগণকে তাঁদের মেয়াদ পূর্তি শেষে এবং সচিববৃন্দের অবসর গ্রহণের পর [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত প্রচলিত নীতিমালায় ['Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [৩][Hazrat Shahjalal] International Airport, revised up to July, 1986]' নিম্নরূপ সংশোধন আনয়ন করা হলোঃ

'বাংলাদেশ সরকারের মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, প্রধান উপদেষ্টা, উপদেষ্টা, তদমর্যাদা সম্পন্ন সকল ব্যক্তি ও সংসদ সদস্যগণ তাঁদের মেয়াদ শেষ হওয়ার পর এবং সচিবগণ অবসর গ্রহণের পর ০৩ (তিন) বছর [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।'

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬০১২৬

---

[১-৪] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রী ও সচিব সেবা শাখা

মন্ত্রিপরিষদ বিভাগ

নং-মপবি/ম,স,সেবা/৫(৬)/২০০৩/৩৭ তারিখ ঃ ২৮সেপ্টেম্বর ২০০৬ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ ভিআইপি লাউঞ্জ ব্যবহারের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে 'Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [৩][Hazrat Shahjalal] International Airport (Revised up to July, 1986)' শিরোনামে জারীকৃত ৬ই মার্চ, ১৯৮৩ তারিখের নং ২২/১১/৮১-রুলস/৫১ সংখ্যক অফিস স্মারকে নিম্নোক্ত সংশোধন/সংযোজন করা হলো:

"মন্ত্রিপরিষদ সচিব এবং মুখ্য সচিব অবসর গ্রহণের পরও কমপক্ষে ০৩ (তিন) বছর [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকার প্রাপ্ত হবেন।"

স্বাঃ/-
(শেখ মাসুম কামাল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬০১২৬

[১-৪] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

নং মপবি-১২/১/৯১-বিধি(অংশ-১)/১৩ তারিখ ঃ ২৩ মাঘ, ১৪০৭ / ০৫ ফেব্রুয়ারি, ২০০১

অফিস স্মারক

বিষয়ঃ ১৯৮৩ সনের ৬ই মার্চ তারিখে জারীকৃত Instructions regarding use of the VVIP and VIP Lounges at the [1][Hazrat Shahjalal] International Airport সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ৬-৩-১৯৮৩ তারিখে নং- ২২/১১/৮১-রুলস/৫১ মূলে জারীকৃত Instructions (Revised up to July, 1986 এবং ১০ এপ্রিল, ১৯৯১ তারিখের স্মারক নং-মপবি-১২/১/৮৮-বিধি(অংশ-১)/৩৭ মূলে আরও সংশোধিত) এর Annexure-I সংশোধনক্রমে ভিভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিগণের নামের তালিকার ক্রমিক 2. Vice President পদটি অবলুপ্ত এবং মাননীয় প্রধানমন্ত্রী ও জাতীয় সংসদের মাননীয় স্পীকারের অবস্থান যথাক্রমে ক্রমিক 2 ও 3 এ পুনঃনির্ধারণ করা হইল। ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিগণের তালিকার ক্রমিক14 এ বিশ্ববিদ্যালয়ের সিলেকশন গ্রেড প্রাপ্ত অধ্যাপকগণকে অন্তর্ভুক্ত করা হইল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

স্বাঃ/-
(কাজী সামসুল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

[1] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাষ্ট্রপতির সচিবালয়

মন্ত্রিপরিষদ বিভাগ

নং মপবি/১২/১/৮৮-বিধি(অংশ-১)/৩৭, তারিখ ঃ ২৬ চৈত্র, ১৩৯৭/১০ এপ্রিল, ১৯৯১।

বিষয়ঃ [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত।

নির্দেশক্রমে জানান যাইতেছে যে, [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ ভিআইপি লাউঞ্জ ব্যবহারের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হইতে Instructions regarding use of the VVIP and VIP lounges at the [৩][হযরত শাহজালাল] International Airport (Revised up to July, 1986) শিরোনামে জারীকৃত ৬ই মার্চ, ১৯৮৩ তারিখের নং ২২/১১/৮১-রুলস/৫১ সংখ্যক অফিস স্মারকে নিম্নোক্ত সংশোধন/সংযোজন করা হইলঃ

(১) এখন হইতে [৪][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিগণ তাঁহাদের পিতা/ মাতা/ স্ত্রী/ স্বামী/ পুত্র/কন্যা/পুত্র বধু/জামাতাকে যাত্রী হিসাবে বিদায় ও অভ্যর্থনা জ্ঞাপনের সময়েও ভিভিআইপি/ ভিআইপি লাউঞ্জ ব্যবহার করিতে পারিবেন।

(২) বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের বিমান বন্দরে যাত্রী হিসাবে আগমন ও প্রত্যাগমনকালে তাঁহাদিগকে সম্বর্ধনা জ্ঞাপনের জন্য পূর্ব নির্ধারিত ৩ জনের স্থলে সর্বাধিক ২ জন দর্শনার্থীকে ভিভিআইপি/ ভিআইপি লাউঞ্জের প্রবেশাধিকার দেওয়া হইবে।

(৩) [৫][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিগণের তালিকায় সুপ্রীম কোর্টের “অবসরপ্রাপ্ত প্রধান বিচারপতিগণ” অন্তর্ভুক্ত হইবেন।

স্বাঃ/-
(এ, এম, আবদুল মান্নান ভূইয়া)
যুগ্ম-সচিব।

---

[১-৫] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাষ্ট্রপতির সচিবালয়
মন্ত্রিপরিষদ বিভাগ

নং মপবি-১২/১/৮৮-বিধি(অংশ-১)/৩৫২ তারিখ ঃ ১৬ ই ভাদ্র, ১৩৯৭ / ১ লা সেপ্টেম্বর, ১৯৯০

বিষয়ঃ [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের জারীকৃত ২৮ শ্রাবণ,১৩৯৭/১৩ই আগষ্ট, ১৯৯০ তারিখের মপবি-১২/১/৮৮-বিধি(অংশ-১)/৩২৮ সংখ্যক সার্কুলারের অনুবৃত্তিক্রমে নির্দেশিত হইয়া নিম্নস্বাক্ষরকারী জানাইতেছেন যে, এখন হইতে [২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দর হইতে বিমানযোগে গমন এবং প্রত্যাবর্তনের সময় ভিভিআইপি/ভিআইপি মহোদয়গণকে বিদায় ও অভ্যর্থনা জ্ঞাপনের জন্য টারম্যাক এলাকায় কোন দর্শনার্থী প্রবেশ করিতে পারিবেন না।

২। উক্ত নির্দেশ পুরাপুরিভাবে অনুসরণ করিবার জন্য ভিভিআইপি/ভিআইপি মহোদয়গণকে অনুরোধ করা যাইতেছে।

৩। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ উক্ত নির্দেশ বলবৎ করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

স্বাঃ/-
(এ, এম, আবদুল মান্নান ভূইয়া)
যুগ্ম-সচিব।

---

[১-২] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাষ্ট্রপতির সচিবালয়
মন্ত্রিপরিষদ বিভাগ

নং মপবি-১২/১/৮৮-বিধি(অংশ-১)/ ৩২৮

তারিখ ঃ ২৮শে শ্রাবণ, ১৩৯৭ / ১৩ই আগষ্ট, ১৯৯০

বিষয়ঃ [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত।

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগ হইতে জারীকৃত ২২-১২-১৩৯৬/৫-৪-১৯৯০ তারিখের মপবি-১২/১/৮৮-বিধি(অংশ-১)/১৮৪ সংখ্যক সার্কুলারের অনুবৃত্তিক্রমে নির্দেশিত হইয়া নিম্ন স্বাক্ষরকারী জানাইতেছে যে একই বিভাগের ৬-৩-১৯৮৩ তারিখের ২২/১১/৮১-রুলস/৫১ সংখ্যক অফিস স্মারকের ৪নং অনুচ্ছেদ মোতাবেক কেবলমাত্র আকাশপথে ভ্রমণকারী যাত্রী মহোদয়গণ বিমান বন্দরের ভিভিআইপি/ভিআইপি লাউঞ্জ ব্যবহারের সুযোগ পাইবেন।

২। এমতাবস্থায় ভিভিআইপি/ভিআইপি লাউঞ্জ ব্যবহার করার সুবিধাপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গকে উক্ত নির্দেশ পুরাপুরিভাবে অনুসরণ করার অনুরোধ করা যাইতেছে।

৩। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ উক্ত নির্দেশ বলবৎ করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

স্বাঃ/-
(এ, এম, আবদুল মান্নান ভূইয়া)
যুগ্ম-সচিব।

---

[১] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রাষ্ট্রপতির সচিবালয়

মন্ত্রিপরিষদ বিভাগ

নং মপবি-১২/১/৮৮-বিধি(অংশ-১)/১৮৪

তারিখ ঃ ২২ শে চৈত্র, ১৩৯৬ / ৫ই এপ্রিল, ১৯৯০

বিষয়ঃ [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভিভিআইপি/ভিআইপি লাউঞ্জ ব্যবহার সংক্রান্ত।

[২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দর হইতে বিমান যোগে গমন এবং প্রত্যাবর্তনকালে বিশিষ্ট ব্যক্তিবর্গের ভিভিআইপি/ ভিআইপি লাউঞ্জ ব্যবহারের নীতিমালা নির্ধারণ করতঃ অত্র বিভাগ হইতে জারীকৃত ৬-৩-১৯৮৩ তারিখের ২২/১১/৮১-রুলস/৫১ এবং ২০-৭-১৯৮৮ তারিখের মপবি-১২/১/৮৮-বিধি/২০৩ সংখ্যক অফিস স্মারকদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষন করতঃ উহাতে বর্ণিত নির্দেশাবলী পুরাপুরিভাবে অনুসরণ করার জন্য ভিভিআইপি/ভিআইপি লাউঞ্জ ব্যবহার করার সুবিধাপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গকে অনুরোধ করা যাইতেছে।

২। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ উক্ত নির্দেশাবলী বলবৎ করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

স্বাঃ/-
(এ, এম, আবদুল মান্নান ভূইয়া)
যুগ্ম-সচিব।

[১-২] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

রাষ্ট্রপতির সচিবালয়

মন্ত্রিপরিষদ বিভাগ

নং মপবি-১২/১/৮৮-বিধি/২০৩ তারিখ ঃ ০৫-০৪-৯৫ বাংলা / ২০-০৭-৮৮ ইংরেজী

অফিস-স্মারক

বিষয়ঃ [১][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দরের ভি ভি আই পি/ ভি আই পি লাউঞ্জ ব্যবহার সম্পর্কে।

[২][হযরত শাহজালাল] আন্তর্জাতিক বিমান বন্দর হইতে বিমানযোগে গমন এবং প্রত্যাবর্তনের প্রাক্কালে বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং উচ্চ পদস্থ কর্মকর্তাদের জন্য ভি ভি আই পি / ভি আই পি লাউঞ্জ সংরক্ষিত রাখা হইয়াছে। অধুনা ইহার যথেচ্ছ ব্যবহারের বেশ কিছু দৃষ্টান্ত সরকারের সর্বোচ্চ পর্যায়ে কর্তৃপক্ষের গোচরীভূত হইয়াছে।

২। বিমান বন্দরের সার্বিক নিরাপত্তা ও লাউঞ্জের সীমিত সুবিধাদির পরিপ্রেক্ষিতে পরিচ্ছন্ন পরিবেশ অক্ষুন্ন রাখার জন্য এবং লাউঞ্জে উপস্থিত বিশিষ্ট ব্যক্তিবর্গকে যাহাতে কোনরূপ অসুবিধার সম্মুখীন না হইতে হয়, সেই দিকে লক্ষ্য রাখিয়া ভি ভি আই পি / ভি আই পি লাউঞ্জ ব্যবহারের নীতিমালা সম্বলিত একটি স্মারক অত্র বিভাগ হইতে ৬-৩-৮৩ ইং তারিখে জারী করা হয়।

৩। বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের বিমান বন্দরে আগমন ও প্রত্যাগমনকালে তাঁহাদিগকে সম্বর্ধনা জ্ঞাপনের জন্য সর্বাধিক ৩ জন দর্শনার্থীকে ভি ভি আই পি/ভি আই পি লাউঞ্জে প্রবেশাধিকার দেওয়া হইয়া থাকে এবং তম্মধ্যে মাত্র একজনকে টারম্যাক এলাকায়ও প্রবেশ করিতে দেওয়া হয়।

৪। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাইতেছে যে উপরোক্ত বিধি নিষেধ থাকা সত্ত্বেও প্রায়শঃ অতিরিক্ত সংখ্যক লোকজন ভি ভি আই পি/ভি আই পি লাউঞ্জে প্রবেশ করিয়া অবাঞ্চিত পরিবেশের সৃষ্টি করিয়া থাকে, যাহার ফলে বিমান বন্দরে সার্বিক নিরাপত্তা এবং লাউঞ্জের সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হইতেছে। ইহা অনভিপ্রেত।

৫। এখন হইতে বিশিষ্ট ব্যক্তিবর্গের/উচ্চ পর্যায়ের কর্মকর্তার এবং বিদেশী কুটনৈতিকদের বিমানযোগে যাত্রা ও আগমনকালে ভি ভি আই পি / ভি আই পি লাউঞ্জ ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মাবলী কঠোরভাবে অনুসরন করিতে হইবে ঃ

(ক) ৩ জনের বেশী কোন দর্শনার্থীকে ভি ভি আই পি/ভি আই পি লাউঞ্জে প্রবেশের অনুমতি দেওয়া যাইবে না এবং তাহাদের মধ্যে হইতে শুধুমাত্র ১ জনকে টারম্যাক পর্যন্ত যাওয়ার অনুমতি দেওয়া যাইতে পারে।

২য় পৃঃ দ্রঃ

(খ) দর্শনার্থীদের নাম, ঠিকানা ও পরিচয় পূর্বাহ্নে বেসামরিক বিমান পরিবহন কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।

(গ) ভি ভি আই পি ও ভি আই পি লাউঞ্জের স্বাভাবিক পরিবেশ ও মর্যাদা ক্ষুন্ন হইতে পারে, এমন কোন ব্যক্তিকে যাহাতে দর্শনার্থী হিসাবে ভি ভি আই পি বা ভি আই পি-র অভ্যর্থনা বা বিদায়কালে লাউঞ্জে প্রবেশ লাভের সুযোগ না দেওয়া হয়, উহা নিশ্চিত করার নিমিত্ত যথাবিহিত পদক্ষেপ গ্রহণ করার জন্য বিষয়-উলে-খিত সুবিধাভোগকারী সম্মানীয় ব্যক্তিবর্গকে বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

৬। বেসামরিক বিমান পরিবহন কর্তৃপক্ষ এই নিয়মাবলী কঠোরভাবে বলবৎ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

৭। ইতিপূর্বে জারীকৃত নির্দশবলী এতদসংগে প্রেরণ করা হইল।

স্বাঃ/-
(মোঃ মুজিবুল হক)
মন্ত্রিপরিষদ সচিব।

---

[১-২] বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের বিপম/সিএ-২/নামকরণ- ১/২০০৯-১০৮(১২) তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০১০, নং প্রজ্ঞাপন দ্বারা পরিবর্তিত।

GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
PERSIDENT'S SECRETARIAT
CABINET DIVESION

No.CD-12/1/86-Rules/201 Dated : July 24, 1986.

OFFICE MEMORANDUM

Subject : Instructions regarding use of the VVIP/VIP lounge at the [1][Hazrat Shahjalal] International Airport.

The Government have been pleased to make the following amendment in this Division's office Memorandum No. 22/11/81-Rules/51 dated March 6, 1983, namely :-

1. In the aforesaid Office Memorandum, in the list of persons entitled to use VVIP lounge of Annexure I, -

in serial number 5, after the words " Cabinet Minister of the Republic" the following shall be inserted, namely :-

"Chief Whip.
Deputy Speaker of Parliament.
Leader of the Opposition in Parliament."

2. In the aforesaid Office Memorandum, in the list of persons entitled to use VIP lounge of Annexure I, -

in serial number 2, the following shall be " substituted, namely :-
" 2. Deputy Leader of the Opposition in Parliament. Judges of the Supreme Court. Ministers of State of the Republic. Whip."

Sd/-
(M. M. Zaman)
Cabinet Secretary

---

[1] Amended vide Ministry of Civil Aviation and Tourism Notification No. BiPaMa/CA-2/Namkoron-1/2009-108(12), Dated: 22 February 2010.

বাঃসঃমুঃ ২০২২-২৩/৩৪৫৬(কমঃসি-৪)—৫০০ বই, ২০২২।